# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ২. ১২. দাউদ পুত্র অম্মোন ও অবশালোম / ৬. ২. ১২. ১. নিজের বোনকে ধর্ষণ

বাইবেলীয় ইবনুল্লাহ ও মাসীহুল্লাহ দাউদের পরিবারকে বাইবেল অত্যন্ত অপবিত্র ভাবে চিত্রিত করেছে। সাধারণ মহাব্যভিচারী ব্যক্তি যা ঘৃণা করে দাউদের পরিবারবর্গ তা করতেন বলে বাইবেল উল্লেখ করেছে। এরূপ একটা কর্ম নিজের বোনকে ধর্ষণ করা। দাউদের জ্যেষ্ঠ পুত্র অম্মোন (Amnon) তাঁর বৈমাত্রেয় বোন তামরকে বর্বরভাবে ধর্ষণ করেন। বাইবেলে এ অশ্লীল ঘটনাটির খোলামেলা বিবরণ বিদ্যমান:

অম্মোন ‘আপন ভগিনী’ তামরের প্রেমে পীড়িত হয়ে পড়লেন। সহজে তাকে হস্তগত করা যাবে না জেনে অসুস্থতার ভান করলেন। পিতা দাউদ তাকে দেখতে আসলে বলেন, আমার বোন তামরকে আমার কাছে আসতে বলুন, আমি তার হাতে কিছু খাদ্য গ্রহণ করব। তামর এসে খাদ্য প্রস্তুত করে খাওয়াতে গেলে অম্মোন সকলকে বের করে নিরিবিলি তাঁর হাতে খাদ্যগ্রহণের বাসনা ব্যক্ত করেন। সকলে বেরিয়ে গেলে অম্মোন তামরের সকল প্রতিরোধ ও প্রতিবাদ অগ্রাহ্য করে জোরপূর্বক তাকে ধর্ষণ করেন। এরপর তাকে ঘর থেকে বের হয়ে যাওয়ার নির্দেশ দেন। উক্ত ধর্ষিতা অসহায় ভগ্নি ঘর থেকে বের হতে আপত্তি করলে অম্মোন তার পরিচারককে নির্দেশ দেন তাকে বের করে দেওয়ার। তার নির্দেশে পরিচারক তামরকে বের করে দ্বারে হুড়কো লাগিয়ে দেয়। ধর্ষিতা তামর ক্রন্দন করতে করতে বেরিয়ে যান। দাউদ বিষয়টা জানতে পারেন এবং ক্রুদ্ধ হন। কিন্তু তিনি অম্মোনকে বা তামরকে কাউকেই কিছু বললেন না। তামর ছিলেন দাউদের অন্য পুত্র অবশালোমের সহোদরা। নিজের সহোদরাকে ধর্ষণ করার কারণে অবশালোম অম্মোনকে ঘৃণা করেন এবং তাকে হত্যার সিদ্ধান্ত নেন। দু বছর পরে সুযোগ পেয়ে অবশালোম অম্মোনকে হত্যা করেন। (২ শমূয়েল ১৩ অধ্যায়)

ঈশ্বরের পুত্র, প্রথম পুত্র, জাতপুত্র ও ঈশ্বরের খ্রিষ্ট, তৌরাত পালনকারী ও প্রতিষ্ঠাকারী দাউদ এ পাপের জন্য তাঁর পুত্রকে কিছুই বললেন না!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14338

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন